

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২৬৬৬

৩৯/ জ্ঞান (اكتاب العلم عن رسول الله عن كتاب العلم عن رسول الله)
পরিচ্ছেদঃ ১২. হাদীস লিপিবদ্ধ করার সম্মৃতি প্রসঙ্গে

# باب مَا جَاءَ فِي الرُّخْصَةِ فِيهِ

#### আরবী

حَدَّتَنَا قُتَيْبَةُ، حَدَّتَنَا اللَّيْتُ، عَنِ الْخَلِيلِ بْنِ مُرَّةَ، عَنْ يَحْيَى بْنِ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي مَنْ هُرَيْرَةَ، قَالَ كَانَ رَجُلٌ مِنَ الأَنْصَارِ يَجْلِسُ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَيَسْمَعُ مِنَ النَّبِيِّ صلى الله عليه وسلم الْحَديثَ فَيُعْجِبُهُ وَلاَ يَحْفَظُهُ فَشَكَا ذَلِكَ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم الْحَديثَ فَيُعْجِبُهُ وَلاَ يَحْفَظُهُ فَشَكَا ذَلِكَ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم الْعَديثَ فَيُعْجِبُهُ وَلاَ يَحْفَظُهُ فَشَكَا ذَلِكَ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم السَّعَعُ مِنْكَ الْحَديثَ فَيُعْجِبُنِي وَلاَ أَحْفَظُهُ . فَقَالَ رَسُولُ اللَّهِ إِنِي أَسْمَعُ مِنْكَ الْحَديثَ فَيُعْجِبُنِي وَلاَ أَحْفَظُهُ . فَقَالَ رَسُولُ اللّهِ عليه وسلم " اسْتَعِنْ بِيَمِينِكَ " . وَأَوْمَا بَيَدِهِ لِلْخَطِّ . وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللّهِ بْنِ عَمْرِو . قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثُ إِسْنَادُهُ لَيْسَ بِذَلِكَ الْقَائِمِ . وَسَمِعْتُ مُحَمَّدَ بْنَ إِسْمَاعِيلَ يَقُولُ الْخَلِيلُ بْنُ مُرَّةَ مُنْكَرُ الْحَديثُ .

#### বাংলা

২৬৬৬। আবৃ হুরাইরাহ (রাযি.) হতে বর্ণিত আছে। তিনি বলেন, এক আনসার সাহাবী রসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এর দরবারে বসতেন এবং তার নিকট হাদীস শুনতেন। হাদীসগুলো তার নিকটে ভালো লাগলেও তিনি তা মনে রাখতে পারতেন না। কোন এক সময় তিনি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকটে তার এ অবস্থার কথা পেশ করে বলেন, হে আল্লাহর রাসূল! আমি আপনার কথা শুনে থাকি এবং তা আমার নিকটে খুবই ভালো লাগে, কিন্তু তা মনে রাখতে পারি না। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তুমি তোমার ডান হাতের সাহায্য নাও, এই বলে তিনি লিখে রাখার প্রতি ইংগিত করেন।

### যঈফ, যঈফা (২৭৬১)

এ অনুচ্ছেদে আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) হতেও হাদীস বর্ণিত আছে। আবূ ঈসা বলেন, এ হাদীসের সনদ তেমন মজবুত নয়। আমি মুহাম্মাদ ইবনু ইসমাঈলকে বলতে শুনেছি, খালীল ইবনু মুররা মুনকারুল হাদীস। (অর্থাৎ প্রত্যাখ্যাত রাবী)



## **English**

#### Narrated Abu Hurairah:

"There was a man among the Ansar who would sit with the Messenger of Allah (\*\*), and he would listen to the Ahadith of the Prophet (\*\*) and he was amazed with them but he could not remember them. So he complained about that to the Messenger of Allah (\*\*). He said: 'O Messenger of Allah! I listen to your Ahadith and I am amazed but I can not remember them.' So the Messenger of Allah (\*\*) said: 'Help yourself with your right hand' and he motioned with his hand as if writing.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন